

আশু প্রয়োজনীয় সুপারিশের জন্য রুগি সংক্রান্ত তথ্য এই তথ্য পত্র ব্যাখ্যা করে যে আপনার GP কেন আপনাকে আশু প্রয়োজনীয়ভাবে হাসপাতালে ভর্তির সুপারিশ করেছেন এবং আপনাকে কী করা প্রয়োজন

আমাকে কেন আশু প্রয়োজনীয়ভাবে হাসপাতালে পাঠানোর সুপারিশ করা হয়েছে?

আপনাকে আশু প্রয়োজনীয়ভাবে সুপারিশ করা হয়েছে কারণে GP মনে করেন আপনার উপসর্গগুলিকে আরও পরীক্ষা-নিরীক্ষা করে দেখার দরকার আছে। ক্যানসার সহ এমন অনেক সাধারণ অবস্থা আছে যেগুলির সাথে এই উপসর্গগুলির যোগ থাকতে পারে। অবশ্য, যাঁদের আশু প্রয়োজনীয়ভাবে সুপারিশ করা হয় তাঁদের অনেকেরই ক্যানসার থাকে না। যদি দেখা যায় যে ক্যানসার ধরা পড়েছে, তাহলে নিশ্চিত করতে হয় যে রোগ নির্ণয় যত শীঘ্র সম্ভব যেন করা হয় যাতে চিকিৎসাকে আরও কার্যকর করা যেতে পারে। তাই এটা খুব গুরুত্বপূর্ণ যে আপনাকে যেন আশু প্রয়োজনীয়ভাবে দেখা হয়।

এই সুপারিশটি আশু প্রয়োজনীয় আগামী 14 দিনের মধ্যে আপনাকে আপনার হাসপাতালের সাথে টেলিফোনের মাধ্যমে বা মুখোমুখি সাক্ষাৎ করার সুযোগ প্রদান করা হবে। আপনার রোগ নিরূপণ যাতে দ্রুত হয়ে যায় তার জন্য আগামী চার সপ্তাহ ধরে আরও কিছু পরীক্ষা-নিরীক্ষার জন্য আপনাকে উপলব্ধ থাকতে হবে। অনুগ্রহ করে নিশ্চিত করুন যে আপনি এই সময় উপলব্ধ থাকবেন।

আপনার GP-র কী জানা দরকার?

- এটা নিশ্চিত করুন যে আপনার GP-র কাছে যেন আপনার সঠিক ঠিকানা ও টেলিফোন নম্বর থাকে এবং সেই সঙ্গে একটা মোবাইল নম্বরও যদি আপনার তা থাকে কেননা হাসপাতাল থেকে আপনার সঙ্গে টেলিফোনের মাধ্যমে যোগাযোগ করা হতে পারে।
- আপনি যদি আগামী চার সপ্তাহের মধ্যে সাক্ষাৎকারে যোগ দিতে না-পারেন, তাহলে অনুগ্রহ করে আপনার GP-কে তা জানান।
- আপনার যদি অনুবাদকের প্রয়োজন হয়, কোনও প্রয়োজনীয় সুবিধা যদি পেতে চান বা আপনি যদি কোনও নারী পরামর্শদাতা চান, তাহলে অনুগ্রহ করে হাসপাতালকে সেই কথা আপনার সাক্ষাৎকারের আগেই জানান।
- আপনি যদি দু'সপ্তাহের মধ্যে হাসপাতাল থেকে সাক্ষাৎকার করার সুযোগ না পেয়ে থাকেন, তাহলে অনুগ্রহ করে আপনার GP প্র্যাকটিসের সঙ্গে যোগাযোগ করুন। বা, আপনি যদি জানেন যে আপনাকে কোন হাসপাতালে সুপারিশ করা হয়েছে, তাহলে আপনি তাদের [পেশেন্ট অ্যাডভাইস অ্যান্ড লিয়াজন সার্ভিসেস \(PALS\)](#) [বিভাগে](#) যোগাযোগ করতে পারেন।

এরপর কী হবে?

আপনার GP প্র্যাকটিস আপনার জন্য একটি সাক্ষাৎকারের দিন ঠিক করে রাখবেন। আপনার GP যদি আপনার জন্য তা ঠিক করতে না-পারেন, তাহলে হাসপাতাল সেটির ব্যবস্থা করার জন্য আপনার সঙ্গে যোগাযোগ করবে।

হাসপাতালের সঙ্গে আপনার প্রাথমিক সাক্ষাৎকারটি একজন নার্স স্পেশালিস্টের সঙ্গে টেলিফোন বা ভিডিও কলের মাধ্যমে হবে। নার্স স্পেশালিস্ট আপনার উপসর্গগুলি সম্পর্কে আরও কিছু জেনে নেবেন। বা, আপনার হয়তো একজন স্পেশালিস্টের সঙ্গে মুখোমুখি সাক্ষাৎকারও হতে পারে।

অনুগ্রহ করে মনে রাখবেন: আপনি যদি কল রেকর্ড করতে চান বা কল চলাকালীন একজন বন্ধু বা পরিবারের সদস্যকে সঙ্গে রাখতে চান তাহলে আপনাকে সেই কথা অবশ্যই ক্লিনিসিয়ানকে জানাতে হবে।

আপনার সশরীরে সাক্ষাৎকার করার ব্যাপারে বা আপনি যেদিন হাসপাতালে আসবেন সেই দিন সম্ভবত কোনও পরীক্ষা করানো হবে কিনা সেই বিষয়ে হাসপাতাল থেকে আপনাকে নির্দেশাবলি পাঠানো হবে। আপনার সাক্ষাৎকারের জন্য প্রস্তুত হওয়ার ক্ষেত্রে আপটুডেট পরামর্শ পাওয়ার জন্য অনুগ্রহ করে এই নির্দেশাবলী ভাল করে দেখে নিন।

হাসপাতালের সঙ্গে তারিখের ব্যাপারে আপনি যখন একমত হয়ে যাবেন, তখন সেই দিন আপনার আসা খুবই দরকার। আপনি যদি সাক্ষাৎকারে আসতে না-পারেন তাহলে অনুগ্রহ করে আপনার নিশ্চয়তা পত্রে উল্লিখিত নম্বরে হাসপাতালকে সত্বর ফোন করে তা জানিয়ে দেবেন।

হাসপাতালে কী হবে?

আপনি যখন আপনার হাসপাতালে সাক্ষাৎকার করতে যাবেন, তখন সাধারণত আপনাকে একজন স্পেশালিস্টের সঙ্গে দেখা করতে হবে বা আপনার রোগ নিরূপণের পরীক্ষা করানো হবে। আপনার সাক্ষাৎকারের সময় আপনার যদি কোনও পরীক্ষা করানোর থাকে তাহলে আপনাকে তা আগাম জানিয়ে দেওয়া হবে, তাই অনুগ্রহ করে অবশ্যই সেই সব নির্দেশাবলী মেনে চলবেন যেগুলি আপনার কাছে আগাম পাঠানো হবে। অপেক্ষা করার সময় এবং কী ধরনের পরীক্ষা করানো হবে তার ভিত্তিতে এইসব সাক্ষাৎকারে কয়েক ঘণ্টা সময় লেগে যেতে পারে বলে এর জন্য প্রস্তুত থাকবেন।

পরীক্ষার ফলাফল কী হল সেই ব্যাপারে আপনার সুপারিশের 28 দিনের মধ্যে আপনার সঙ্গে যোগাযোগ করা হবে, কিন্তু আপনার পরীক্ষার ফলাফল সম্পর্কে সেইদিনই আপনাকে বলা হতে পারে। আপনার সহায়তার জন্য বা আপনার সঙ্গে চিকিৎসক দল যা আলোচনা করবে তা বোঝার ক্ষেত্রে আপনার কোনও সমস্যা থাকলে আপনি একজন বন্ধু বা পরিবারের

সদস্যকে সঙ্গে নিয়ে আসতে পারেন। দর্শনার্থী সম্পর্কিত নির্দেশিকার জন্য অনুগ্রহ করে আপনার পত্র দেখে নিন।

কোন প্রশ্ন আছে?

হাসপাতালে পাঠানোর সুপারিশ নিয়ে আপনার যদি কোনও উদ্বেগ বা প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে সেই ব্যক্তির সঙ্গে আপনার GP সার্জারিতে ফোন করুন যিনি আপনাকে সুপারিশ করেছেন।

আপনার সাক্ষাৎকারের আগেই আপনার উপসর্গগুলির যদি অবনতি হয় বা ক্যানসারের সম্ভাবনা খারিজ হওয়ার পরেও উপসর্গগুলি থেকে যায়, তাহলে অনুগ্রহ করে আপনার GP-র সঙ্গে যোগাযোগ করুন।

অতিরিক্ত তথ্যের জন্য উপযোগী লিঙ্ক

<https://www.cancerresearchuk.org/>

<https://www.macmillan.org.uk/cancer-information-and-support>

আপনার পরীক্ষা-নিরীক্ষা ও তার ফলাফলের আনুমানিক একটি সময়সীমা নীচে দেওয়া হয়েছে কিন্তু যদি আপনার উপসর্গগুলি জটিল হয় বা আপনার যদি একাধিক পরীক্ষা করানোর প্রয়োজন হয় তাহলে সময় বেশিও লাগতে পারে।

